**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন গত সাত বছরে স্বাস্থ্য ক্ষেত্রে ত্রিপুরায় অভূতপূর্ব উন্নতি হয়েছে।**

**(২) কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, ১৫ দিন ব্যাপী বিকশিত কৃষি সংকল্প অভিযান উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরাতেই সর্বোচ্চ সাফল্য পেয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুজরাটের আহমেদাবাদে বিমান দুর্ঘটনার স্থান সরেজমিনে ঘুরে দেখেন এবং হাসপাতালে দুর্ঘটনায় আহতদের চিকিৎসার ব্যাপারেও বিস্তারিত খোঁজ নেন।**

**(৪) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের মাধ্যমিক এবং উচ্চতর মাধ্যমিক পরীক্ষার চূড়ান্ত মেধা তালিকা আজ প্রকাশিত হয়েছে।**

**(৫) খোয়াই জেলায় জনজাতি অধ্যুষিত ৫টি গ্রামে আজ থেকে পক্ষকালব্যাপী ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান শুরু হয়েছে।**

*****************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন গত সাত বছরে স্বাস্থ্য ক্ষেত্রে ত্রিপুরায় অভূতপূর্ব উন্নতি হয়েছে। আজ আগরতলার আই.এল.এস হাসপাতালে ক্যান্সার ইনস্টিটিউটের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, আগরতলার জিবি হাসপাতালে কিডনি প্রতিস্থাপন হচ্ছে। আগামীদিনে লিভার প্রতিস্থাপন করার জন্য মোহন ফাউন্ডেশন এর সঙ্গে মৌ স্বাক্ষর হবে। রাজ্যের মেডিকেল কলেজগুলিতে আসন সংখ্যা ৪০০ হওয়ায় ছেলেমেয়েদের এম.বি.বি.এস কোর্সে পড়ার সুবিধা বেড়েছে। বর্তমানে ডেন্টাল কলেজের ৬৩টি আসন থেকে বাড়িয়ে ১০০ করার পরিকল্পনা

রয়েছে। এছাড়া বিভিন্ন জেলায় ট্রমা সেন্টার খোলা, জিবিতে মা ও শিশুর জন্য ২০০ শয্যার কেয়ার ইউনিট এবং চক্ষু হাসপাতাল স্থাপন করার বিষয়েও তিনি উল্লেখ করেন। মুখ্যমন্ত্রী আরো বলেন, অটল বিহারী বাজপায়ী রিজিওনাল ক্যান্সার সেন্টারে এখন আধুনিক ও উন্নতমানের যন্ত্রপাতি থাকায় বিভিন্ন ধরনের ক্যান্সার চিকিৎসার সুবিধা পাচ্ছেন রোগীরা। তিনি ক্যান্সার রোগ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন।

#######Byte-CM########

*****************************

**VKSA-Nagichera :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, ১৫ দিন ব্যাপী বিকশিত কৃষি সংকল্প অভিযান উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরাতেই সর্বোচ্চ সাফল্য পেয়েছে। আজ আগরতলার নাগিছড়ায় হর্টিকালচার রিসার্চ কমপ্লেক্সে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান। তিনি বলেন, খারিফ মরশুমে কৃষি উৎপাদন বৃদ্ধি ও কৃষকদের কাছে আধুনিক কৃষি পদ্ধতির সুযোগ পৌঁছে দেওয়ার লক্ষ্যে কেন্দ্রীয় সরকারের ১৫ দিন ব্যাপী বিকশিত কৃষি সংকল্প অভিযানে ত্রিপুরায় ব্যাপক সাড়া পাওয়া গেছে। এই অভিযানে রাজ্যে ৮৭৩টি মতবিনিময় সভায় ১ লক্ষ ৯৫ হাজার কৃষক অংশ নেন। এরমধ্যে ৩৪ শতাংশ ছিলেন মহিলা কৃষক।

কৃষিমন্ত্রী বলেন, এক দেশ, এক কৃষি, এক ভাবনা এই লক্ষ্য নিয়ে কৃষি নির্ভর ভারতকে বিশ্ব শস্যভান্ডার হিসাবে গড়ে তোলার উদ্দেশ্যেই এই অভিযান। তিনি বলেন, কৃষি গবেষকরা ত্রিপুরায় এমন এক ধান বীজ উদ্ভাবন করেছেন যে ফসল মাঠে অন্তত ১৫ দিন জলের নীচে থাকলেও নষ্ট হবে না বা পচন ধরবে না।

#######Byte-Agri Minister#######

কৃষিক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্যের জন্য নয় জন কৃষকের হাতে কৃষিমন্ত্রী ১০ হাজার টাকা করে চেক তুলে দেন।

******************************

**PM, Gujarat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুজরাটের আহমেদাবাদে গতকাল বিমান দুর্ঘটনার স্থান সরেজমিনে ঘুরে দেখেন। তিনি সমস্ত বিষয়ের বিস্তারিত খোঁজ খবর নেন। প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল, কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে. রামমোহন নাইডু সহ পদস্থ আধিকারিকরা। প্রধানমন্ত্রী হাসপাতালে আহতদের চিকিৎসার ব্যাপারেও বিস্তারিত খোঁজ নেন।

প্রধানমন্ত্রী বলেন যে আহমেদাবাদে বিমান দুর্ঘটনায় দেশ বিধ্বস্ত। তিনি বলেন, এত আকস্মিক এবং হৃদয়বিদারকভাবে এত প্রাণহানির ঘটনা ভাষায় প্রকাশের বাইরে। তিনি শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। প্রধানমন্ত্রী বিমান দুর্ঘটনায় বেঁচে যাওয়া একমাত্র ব্যক্তি, হাসপাতালে চিকিৎসাধীন ভারতীয় বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিক বিশ্বাশ কুমার রমেশের সঙ্গেও দেখা করেন।

প্রধানমন্ত্রী আজ আমেদাবাদে একটি পর্যালোচনা সভা করেন। প্রধানমন্ত্রী বিমান দুর্ঘটনায় নিহত গুজরাটের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিজয় রূপানির পরিবারের সদস্যদের সঙ্গেও দেখা করেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন যে, তিনি বিজয় রূপানির সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করেছেন। তিনি প্রয়াত রূপানির বিশিষ্ট কর্মজীবনের কথা তুলে ধরেন।

******************************

**Sole survivor of plane crash :**

আহমেদাবাদে এয়ার ইন্ডিয়ার দুর্ঘটনাগ্রস্ত যাত্রীবাহী বিমানের আরোহী ছিলেন বিশ্বাসকুমার রমেশ। এত মৃত্যুর সংবাদের মাঝেই একমাত্র জীবিত হিসেবে খোঁজ পাওয়া গেল তাঁর। আশ্চর্যজনক ভাবে মৃত্যুকে জয় করে সামান্য কিছু চোট আঘাতের ক্ষত নিয়ে এখন তিনি চিকিৎসাধীন। বিমান ভেঙ্গে

পড়ার সময়ে নিজের অনুভূতি এবং অভিজ্ঞতার কথা তুলে ধরলেন আকাশবাণীর প্রতিনিধির কাছে।

#####Byte-BishwashKumar Ramesh#####

*************************

**Flight crash :**

আমেদাবাদে বিমান দুর্ঘটনায় শনাক্ত হওয়া মৃতদেহগুলি ময়নাতদন্তের পরে আত্মীয়দের কাছে হস্তান্তর করা হচ্ছে। এদিকে, বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেছেন যে তিনি আহমেদাবাদ বিমান দুর্ঘটনার বিষয়ে যুক্তরাজ্যের বিদেশ সচিব ডেভিড ল্যামি, পর্তুগালের বিদেশমন্ত্রী পাওলো র‍্যাঞ্জেল এবং কানাডার বিদেশমন্ত্রী অনিতা আনন্দের সাথে যোগাযোগ করেছেন। ডঃ জয়শঙ্কর এই দুর্ঘটনায় ঐ তিন দেশের নাগরিকদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন এবং এই শোকের মুহূর্তে তাদের পাশে থাকার কথা জানিয়েছেন। উল্লেখ্য, গতকাল আহমেদাবাদে বিমান দুর্ঘটনায় ৫৩ জন ব্রিটিশ, সাতজন পর্তুগিজ এবং একজন কানাডিয়ান নাগরিকও প্রাণ হারিয়েছেন।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের মাধ্যমিক এবং উচ্চতর মাধ্যমিক পরীক্ষার চূড়ান্ত মেধা তালিকা আজ প্রকাশিত হয়েছে। উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় প্রথম দশে রয়েছেন ২০ জন। মাধ্যমিক পরীক্ষায় প্রথম দশে রয়েছেন ২৫ জন।

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম স্থান দখল করেছেন কামিনী কুমার সিংহ মেমোরিয়াল স্কুলের ছাত্র জয়দীপ রুদ্রপাল, দ্বিতীয় ধর্মনগর গভমেন্ট গার্লস হায়ার সেকেন্ডারি স্কুলের ছাত্রী সপ্তদীপা নাথ, যুগ্মভাবে তৃতীয় জোলাইবাড়ি গার্লস উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রী ঈশিতা সেন এবং প্রাচ্য ভারতী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের রক্তিম দেবনাথ।

মাধ্যমিক পরীক্ষায় প্রথম স্থান অধিকার করেছে বিলোনিয়া বিদ্যাপীঠ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের অন্তরিক্ষা পাল, দ্বিতীয়-রামকৃষ্ণ বিবেকানন্দ বিদ্যামন্দিরের ইন্দ্রানী ভৌমিক, যুগ্মভাবে তৃতীয়-বিবেকানন্দ শিশু নিকেতনের সুমিত দেবনাথ এবং নেতাজি সুভাষ বিদ্যানিকেতনের অমিত দাস।

****************************

**Dharti Aaba Janajati Gram Utkarsha Abhiyan-Khowai :**

খোয়াই জেলায় জনজাতি অধ্যুষিত ৫টি গ্রামে আজ থেকে পক্ষকালব্যাপী ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান শুরু হয়েছে। খোয়াই জেলার জেলাশাসক রজত পান্থ এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন। তিনি জানান, এই প্রকল্পের মাধ্যমে জনজাতি অংশের জনগণের সার্বিক বিকাশে গুরুত্ব দেওয়া হবে। পাশাপাশি এই অভিযানকালে জনজাতিদের সরকারি শংসাপত্র প্রদান, আধার কার্ড, ব্যাংক পাস বই, রেশন কার্ড, রেগা জব কার্ড প্রদানে সহায়তা করা হবে।

****************************

**Dharti Aaba Janajati Gram Utkarsha Abhiyan–Unakoti :**

ঊনকোটি জেলাতেও আগামী ১৫ই জুন থেকে পক্ষকালব্যাপী ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান শুরু হবে। ঊনকোটি জেলার জেলাশাসক ডক্টর তমাল মজুমদার আজ সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, এই অভিযানকালে ২০টি স্থানে শিবিরের আয়োজন করা হয়েছে। জনজাতি অধ্যুষিত গ্রামে বিশেষ গ্রামসভা, আদিবাসী খাদ্য উৎসব, বিশিষ্ট আদিবাসী ব্যক্তিত্বদের সংবর্ধনা জানানো হবে।

************************

**Dharti Aaba Janajati Gram Utkarsha Abhiyan–Dhalai :**

এদিকে, ধলাই জেলার আটটি ব্লক এলাকার ৯৩টি গ্রামে আগামী ১৫ই জুন থেকে পক্ষকালব্যাপী ধরতি আবা জন ভাগীদারী অভিযান শুরু হবে। ১৫ই জুন গঙ্গানগর ব্লকে ধরতি আবা জন ভাগীদারী অভিযানের ধলাই জেলাভিত্তিক অনুষ্ঠানের সূচনা হবে। ধলাই জেলার ভারপ্রাপ্ত জেলাশাসক সুমিত কুমার পান্ডে আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, যে সমস্ত গ্রামে ৫০ শতাংশের বেশি জনজাতি অংশের লোক রয়েছে ওই গ্রামগুলিই এই প্রকল্পের আওতায় আসবে। এই অভিযানে মূলত ছয়টি বিষয়কে প্রাধান্য দিয়ে কাজ চলবে। যার মধ্যে উল্লেখযোগ্য হল স্বাস্থ্য, পরিকাঠামোগত উন্নয়ন, বিদ্যুৎ, শিক্ষা ও পানীয় জল। এই অভিযানকালে ধলাই জেলার ৮টি ব্লকে ৬৯টি শিবিরের আয়োজন করা হবে। এই শিবিরগুলিতে সুবিধাভোগীরা এই প্রকল্পের অধীনে কি কি সুবিধা পাবে সে সম্পর্কে বিস্তারিত অবহিত করা হবে।

******************************

**Dharti Aaba Janajati Gram Utkarsha Abhiyan–Gomoti :**

গোমতি জেলার জেলা শাসক তড়িৎ কান্তি চাকমা আজ সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, গোমতি জেলাতেও আগামী ১৫ই জুন থেকে পক্ষকালব্যাপী ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান শুরু হবে। এই জেলার ৭টি

ব্লকের ৭২টি গ্রামে সুবিধাভোগীদের কাছে বিভিন্ন প্রকল্পের সুবিধা পৌঁছে দিতে ২৪টি শিবিরের আয়োজন হবে।

***************************

**AYUSH-Yoga :**

আয়ুষ মন্ত্রক আগামীকাল নতুনদিল্লিতে "যোগের জন্য এক পৃথিবী, এক স্বাস্থ্যের জন্য যোগ" বিষয়ে একটি বৈশ্বিক শীর্ষ সম্মেলন "যোগ কানেক্ট" আয়োজন করবে। একাদশ আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে এই শীর্ষ সম্মেলনটি আয়োজন করা হচ্ছে। এই অনুষ্ঠানে ১,০০০ জনেরও বেশি অংশগ্রহণকারী, বিশ্বের শীর্ষস্থানীয় আন্তর্জাতিক যোগ প্রতিষ্ঠান এবং সুস্থতা সম্প্রদায়ের অংশগ্রহণকারীরা ভার্চুয়াল ভাবে উপস্থিত থাকবেন। বাহরাইন, মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য এবং দক্ষিণ কোরিয়া সহ চারটিরও বেশি দেশের বিশেষজ্ঞরা শীর্ষ সম্মেলনে যোগ দেবেন।

***************************

**Natok-Dhalai :**

তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং কমলপুর নগর পঞ্চায়েতের ব্যবস্থাপনায় ধলাই জেলভিত্তিক ভীষ্ম দেব স্মৃতি শিশু নাটক প্রতিযোগিতা আজ কমলপুর টাউন হলে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন ধলাই জিলা পরিষদের সভাধিনেত্রী সুস্মিতা দাস। প্রতিযোগিতায় মোট তিনটি নাট্য দল অংশগ্রহণ করে।

****************************

**Sadar School Cricket :**

সদরের আন্ত: স্কুল ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে হেনরি ডিরেজিও স্কুল খেলবে হলিক্রস স্কুলের বিরুদ্ধে। আগামী ১৫ জুন এম বি বি স্টেডিয়ামে ফাইনাল ম্যাচটি হবে। আজ আসরের দুটি সেমিফাইনাল অনুষ্ঠিত হয়। আজ এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত সেমিফাইনালে হলিক্রস স্কুল ৫ উইকেটে শ্রীকৃষ্ণ মিশন স্কুলকে এবং একই মাঠে অপর সেমিফাইনালে হেনরি ডিরোজিও স্কুল ৩৩ রানে সেন্ট পলস স্কুলকে পরাজিত করে।

************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৬ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস।

***************************